# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩৬৯০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫০৯]

২১। দাসমুক্তি (كتاب العتق)

পরিচ্ছেদঃ ৫. ক্রীতদাস আযাদ করার ফযীলত

باب فَضْلِ الْعِتْقِ

আরবী

وَحَدَّثَنِي حُمَيْدُ بْنُ مَسْعَدَةَ، حَدَّثَنَا بِشْرُ بْنُ الْمُفَضَّلِ، حَدَّثَنَا عَاصِمٌ، ـ وَهُوَ ابْنُ مُحَمَّدٍ الْعُمَرِيُّ ـ حَدَّثَنَا وَاقِدٌ، ـ يَعْنِي أَخَاهُ ـ حَدَّثَنِي سَعِيدُ ابْنُ مَرْجَانَةَ، ـ صَاحِبُ عَلِيِّ بْنِ حُسَيْنٍ ـ قَالَ سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ، يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " أَيُّمَا امْرِئٍ مُسْلِمٍ أَعْتَقَ امْرَأً مُسْلِمًا اسْتَنْقَذَ اللَّهُ بِكُلِّ عُضْوٍ مِنْهُ عُضْوًا مِنْهُ مِنَ النَّارِ " . قَالَ فَانْطَلَقْتُ حِينَ سَمِعْتُ الْحَدِيثَ مِنْ أَبِي هُرَيْرَةَ فَذَكَرْتُهُ لِعَلِيِّ بْنِ الْحُسَيْنِ فَأَعْتَقَ عَبْدًا لَهُ قَدْ أَعْطَاهُ بِهِ ابْنُ جَعْفَرٍ عَشْرَةَ آلاَفِ دِرْهَمٍ أَوْ أَلْفَ دِينَارٍ .

বাংলা

৩৬৯০-(২৪/...) হুমায়দ ইবনু মাস'আদাহ্ (রহঃ) .... আবূ হুরাইরাহ (রাযিঃ) বলেন যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কোন মুসলিম অপর কোন মুসলিম ক্রীতদাসকে মুক্ত করলে আল্লাহ তার (মুক্ত দাসের) প্রত্যেকটি অঙ্গপ্রত্যঙ্গের বদলে তার (মুক্তিদাতার) প্রত্যেকটি অঙ্গ-প্রত্যঙ্গ জাহান্নামের আগুন থেকে বাচাবেন। তিনি বর্ণনাকারী সাঈদ ইবনু মারজানাহ্ (রহঃ) বললেনঃ আবূ হুরাইরাহ (রাযিঃ) থেকে এ হাদীস শোনার পরপরই আলী ইবনু হুসায়ন (রাযিঃ) এর কাছে গেলাম এবং তার কাছে হাদীসটি পেশ করলাম। তখনই তিনি তার একটি গোলাম (ক্রীতদাস) মুক্ত করে দিলেন যার বিনিময় মূল্য হিসেবে তিনি ইবনু জাফরকে দশ হাজার দিরহাম অথবা এক হাজার দীনার পরিশোধ করেছিলেন। (ইসলামিক ফাউন্ডেশন ৩৬৫৬, ইসলামিক সেন্টার ৩৬৫৬)

## English

Abu Huraira (Allah be pleased with him) reported Allah's Messenger (ﷺ) as saying:
A Muslim who emancipates a Muslim (slave). Allah will save from Fire every

limb of his for every limb (of the slave). Sa'id b. Marjana said: When I heard this hadith from Abu Huraira (Allah be pleased with him), I went away and made a mention of it to 'Ali b. Husain and he at once emancipated the slave for which Ibn ja'far was prepared to pay ten thousand dirhams or one thousand dinars.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=50773

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন